# ব্রেকিং নিউজ

## সুস্মেলী দত্ত

পাল্লা দিয়ে শোক নেমেছে শূন্যে মরে কাক
ও ভোলা মন নাস্তিকতা পুণ্য ছুঁয়ে পাপ

ফুলছে নদী বাড়ছে ধোঁয়া চাবুক রাঙা দিল
উল্লাসে ও তুবড়ি ছোটে শরীরে কিলবিল

বাড়ছে ক্ষয় যুঝছে নেশা ভাঙছে ভবিষ্যৎ
ক্ষইছে যারা ধ্বংসকামী আলুনি আলবত

তবু-র পিঠে যদি-র পাশে কখন বা যে কারা
উল্টো পায়ে রোজ হেঁটেছে বিবাগী বানজারা

শোক নেমেছে শোক ছুঁয়েছে শ্মশান বালি মাটি
উদোম ফুঁয়ে দৌড়ে মরে ঘটি বনাম বাটি

স্তব্ধ কারা বন্ধ দেহ সাগর জলে স্নান
কল্কি ছোটে গল্পে গরু সময় পাতে কান ...